



**Embassy of the People's Republic of Bangladesh**  
**3510 International Drive, NW**  
**Washington, D.C.**  
<https://washington.mofa.gov.bd/en/site/view/PressRelease>

Press Release

## **Senator Roger Marshall to extend support to strengthen further Dhaka-Washington ties**

Washington, DC, 03 February 2023:

US Senator Roger Marshall has expressed his willingness to extend support to advance further Dhaka -Washington relationships.

Mr. Roger Marshall, the Republican Senator from Kansas, mentioned Bangladesh as an important partner of the United States and hoped that the two countries would continue to work to forge bilateral cooperation in all possible areas.

The US Senator made the remarks during a meeting with Bangladesh Ambassador to the United States Muhammad Imran at his US Capitol Hill office in Washington D.C. on Friday.

Senator Marshall appreciated Bangladesh's impressive economic achievements. He also praised Bangladesh's contributions towards global peace through the UN Peacekeeping Missions.

Ambassador Imran briefed the Senator on the impressive socio-economic development that has taken place in Bangladesh under the leadership of Prime Minister Sheikh Hasina.

He also highlighted Bangladesh's sustained economic growth, self-sufficiency in food production, advancement in healthcare sector, disaster management, women empowerment, and efficient COVID-19 management.

Ambassador Imran lauded the US government's donation of COVID-19 vaccines to Bangladesh. While apprising the Rohingya issue, he sought support of Senator Marshall and the US Congress for repatriation of the Rohingyas to their homeland in Myanmar.

They both underscored the importance of further expanding the trade and investment relations between Bangladesh and the United States, and deepening the existing excellent partnership between the two countries in the coming days.

(AZM Sajjad Hossain)  
Minister (Press)





**Embassy of the People's Republic of Bangladesh**  
**3510 International Drive, NW**  
**Washington, D.C.**  
<https://washington.mofa.gov.bd/en/site/view/PressRelease>

## সংবাদ বিজ্ঞপ্তি

ঢাকা-ওয়াশিংটন সম্পর্ক আরো এগিয়ে নিতে সিনেটর রজার মার্শালের সহায়তার আশ্বাস

ওয়াশিংটন ডিসি, ০৩ ফেব্রুয়ারি ২০২৩-

মার্কিন সিনেটর রজার মার্শাল বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ককে আরো এগিয়ে নিতে তার সহায়তা প্রদানের কথা ব্যক্ত করেছেন।

কানসাস থেকে নির্বাচিত রিপাবলিকান সিনেটর রজার মার্শাল শুক্রবার ওয়াশিংটন ডিসিতে তার ইউএস ক্যাপিটল হিল অফিসে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরানের সাথে এক বৈঠকে এই আগ্রহ প্রকাশ করেন।

বৈঠকে মার্কিন সিনেটর আশা প্রকাশ করেন যে দুই দেশ সম্ভাব্য সকল ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদারে কাজ করে যাবে।

সিনেটর মার্শাল বাংলাদেশের অসাধারণ অর্থনৈতিক সাফল্যের প্রশংসা করেন। তিনি জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের মাধ্যমে বিশ্বে শান্তি বজায় রাখার ক্ষেত্রে বাংলাদেশের অবদানেরও প্রশংসা করেন।

রাষ্ট্রদূত ইমরান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে যে অভূতপূর্ব আর্থ-সামাজিক উন্নয়ন হয়েছে সেই বিষয়ে সিনেটরকে অবহিত করেন।

তিনি বাংলাদেশের টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি, খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা, স্বাস্থ্যসেবা খাতে অগ্রগতি, দুর্যোগ ব্যবস্থাপনা, নারীর ক্ষমতায়ন এবং দক্ষ কোভিড-১৯ ব্যবস্থাপনার কথাও তুলে ধরেন।

রাষ্ট্রদূত ইমরান বাংলাদেশে মার্কিন সরকারের কোভিড-১৯ ভ্যাকসিন অনুদানের প্রশংসা করেন। রোহিঙ্গা ইস্যুর বিষয়ে অবহিত করার সময় তিনি রোহিঙ্গাদের তাদের নিজ দেশ মিয়ানমারে প্রত্যাভাসনে সিনেটর রজার মার্শাল এবং মার্কিন কংগ্রেসের সমর্থন কামনা করেন।

তারা উভয়েই বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরো সম্প্রসারিত করা এবং দুদেশের চমৎকার অংশীদারিত্ব আগামীতে আরো গভীর করার ওপর গুরুত্ব আরোপ করেন।

এজেডএম সাজ্জাদ হোসেন

মিনিস্টার (প্রেস)

বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি